W.B.P.FORM NO. 27

# FIRST INFORMATION REPORT

1960

First information of a cognizable crime reported under section 154 Cr. P.C., at P.S.

1. Dist. Bankura Sub-Divn. Bankura P.S. Chhatna Year 2017 FIR No. 139/17 Date 17.10.17
2. (i) Act IPC Sections 498A/306 (ii) Act D.P Sections 3 & 4
   (iii) Act — Sections — Other Acts & Sections —
3. (a) General Diary Reference: Entry No. — Time
   (b) Occurrence of Offence: Day After held marriage of deceased and Latest on 8/10/17 night Date Time
   (c) Information Received Date 17.10.17 Time 12.35 Hrs.
   G.D. No. 671 dt- 17.10.17. At the Police Station:
4. Type of information: Written / Oral — Written
5. Place of Occurrence: (a) Direction and Distances from P.S. Approx 22 KM North West from PS
   (a) Address JL No-13 Anchal No-2 Po is in the house of Sumanta Sarathi Roy of vill- Raidi Po-Badaldi PS-Barabazar Purulia and near by house of the Complainant vill- Gairabad, PS-Chhatna Bnk.
   (b) In case outside limit of this Police Station, then the name of P.S. The 1st P.O is fall under Barabazar PS, Dist- Purulia
   District
6. Complaint/Informant:
   (a) Name Bidhan Ch Roy.
   (b) Father's / Husband's Name Lt Kamalakanta Roy
   (c) Date / Year of Birth —
   (d) Nationality Indian
   (e) Address Vill- Gairabad, PS- Chhatna, Dist- Bankura.
7. Details of Know / Suspected / Unknown / Accused with full particulars (1) Sumanta Sarathi Roy S/O Ajit Roy (2) Ajit Roy (Father in Law of victim) (3) Gayatri Roy (Mother in Law) (4) Kabita Roy D/O Ajit Roy all of vill- Raidi PS- Barabazar, PS-Chhatna, Bnk
   (Attach separate sheet, if necessary)
8. Reasons for delay in reporting by complaint / informant —
9. Particulars of properties stolen / Involved: (attach separate sheet, if required): —
10. Total value of Properties stolen / Involved: —
11. Inquest report / U.D.: Case No., If any: This refer Chhatna PS U/D Case No- 40/17 dt-8.10.17
12. FIR Contents: (Attach separate sheet, if required) The original Written Complaint of the Complainant treated as F.I.R is attached herewith.
13. Action taken: Since the above report reveals commission of offence(s) u/s 498A/306 IPC and 3 & 4 D.P act.

registered the case and took up the investigation / directed SI Chandra Sekhar Ghosh of Chhatna PS to take up the investigation transferred to P.S. On point of jurisdiction. FIR read over to the complaint/ informant admitted to be correctly recorded and a copy given to the complaint / Informant free of cost.

On the original Written Complaint of The Complainant

Signature/ Thumb Impression of the Complainant/ Informant

(Signature) 17/10/17

Signature of the officer-incharge, Police Station with
Name: Salil Kr Paul
Rank: O/C Chhatna PS
Number if any: Officer-in-Charge Chhatna Police Station Dist.- Bankura

To
The O.C
Chhatna P.S
Bankura

মহাশয়

আমি শ্রী বিধান চন্দ্র রায়, পিতা - ৺ কমলা কান্ত রায়, সাং গৈরাবাদ, থানা - ছাতনা, জেলা - বাঁকুড়া,

আমার বিনীত নিবেদন এই যে, আমার কন্যা সোমা রায়ের সহিত গত ৩রা আষাঢ় ১৪২৪ (ইং 18/6/2017) তারিখে অজিত রায়ের পুত্র — সুমন্ত সারথি রায়, সাং - রায়ডি, পোষ্ট - বদলডি, থানা - বরাবাজার, জেলা - পুরুলিয়ার হিন্দুশাস্ত্র মতে বিবাহ হয়। বিবাহের সময় নগদ ১১০০০০ (এক লক্ষ দশ হাজার) টাকা, একটি ইয়ামাহা মোটর সাইকেল, ২ (দুই) ভরি সোনার গহনা, আলমারি, পালঙ্ক সহ অন্যান্য দান সামগ্রী পাত্রপক্ষকে দেওয়া হয়েছিল। বিবাহের পর আমার মেয়ে শ্বশুর বাড়ীতে গেলে, অষ্ট মঙ্গলার অনুষ্ঠানের পর হইতে তাহার শ্বশুর বাড়ীর লোকজন আমার নিকট আরো ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা দাবী করার জন্য আমার মেয়েকে চাপ দিতে থাকে। কিন্তু আমার মেয়ে তাহাদের কে জানায়, আমার বাবার পক্ষে আর টাকা দেওয়ার সামর্থ্য নেই। ইহার ফলে আমার মেয়ের স্বামী সুমন্ত সারথি রায়, তাহার শ্বশুর অজিত রায়, শাশুড়ি - গায়ত্রী রায় ও ননদ কবিতা রায় আমার মেয়ের উপর শারিরিক ও মানসিক নির্যাতন শুরু করে, তাহাকে তাহারা প্রায়শ্যই প্রচন্ড মারধোর করিত, তাহাকে বাড়ীর ~~বাহিরে~~ বাহিরে যাইতে দিত না, এমন কি তাহাকে ফোন করিলে বা আমি ফোন করিলে, তাহাদের কেউ না কেউ পাশে দাড়াইয়া সমস্ত কথা শুনিত। এই বৎসর ভাদ্র মাসে মেয়ে ও জামাই এর ভাই ঘটোৎকোচ রায়, আমার কর্ম সূত্রে থাকা বর্নপুর, জেলা - পশ্চিম বর্দ্ধমানের কোয়ার্টারে আসে মেয়ের জন্ম সার্টিফিকেট ও স্কুলের সার্টিফিকেট গুলি লইতে। তখন মেয়ে গোপনে আমাকে তাহার উপর নির্যাতনের সমস্ত ঘটনা আমাকে জানায়। আমি তাহাকে বুঝাইয়া বলি কয়েকদিন অপেক্ষা করতে, কারন আমি দুর্গা পুজার সময় তাহার শ্বশুর বাড়ীতে গিয়া তাহাদের সাহিত এই ব্যাপারে কথা বলিব। আমি দুর্গা পুজার অষ্টমীর দিন ১১ই অশ্বিন ১৪২৪ (ইং 28/9/2017) আমার মেয়েকে আমার বাড়ীতে আনিতে তাহার শ্বশুর বাড়ীতে যাই। কিন্তু সেখানে যাওয়ার পর আমার মেয়েকে আমার বাড়ীতে পাঠাইতে অস্বীকার করে। আমার জামাই ও জামাই এর বাবা, মা আমার নিকট ৫০০০০ (পঞ্চাশ হাজার) টাকা দাবী করে। আমি তাহা দিতে অস্বীকার করিলে, তাহারা আমাকে প্রচন্ড অপমান করে ও আমার মেয়েকে আমার সামনে প্রচন্ড মারধর করে। আমি এই সমস্ত ঘটনা পাড়ার প্রতিবেশীদের জানাইলে, তাহারা পুজার পর এই ব্যাপারে মীমাংসা করিবেন বলিয়া জানায়, কিন্তু মেয়ের উপর নিত্যদিন অত্যাচার ও নির্যাতন দেখিয়া আমি অপমানিত হইয়াও ঐখানে রহিয়া যায়।

Received on 17.10.17 at 12:35 Hrs and Started Chhatna PS Case no - 139/17 dt - 17.10.17 u/s - 498A/306 IPC and 3/4 D.P act.
[signature] 17/10/17

Officer-in-Charge
Chhatna Police Station
Dist.- Bankura

P.T.O

অবশেষে দ্বাদশীর দিন ১৫ই আশ্বিন ১৪২৪ (ইং-02/10/2017) জামাইকে টাকার ব্যবস্থা করিব বলিয়া লক্ষ্মী পুজার দিন জামাইকে আমার ~~বাড়ীতে~~ গ্রামের বাড়ীতে আসিতে বলি ও অনেক কাকুতি মিনতি করিয়া মেয়েকে আমার গ্রামের বাড়ীতে লইয়া আসি। আমার মেয়ে আমার বাড়ীতে এসে তাহার উপর অকথ্য অত্যাচারের সমস্ত বিবরন আমাদের জানায়। অতঃপর জামাই লক্ষ্মী পূজার পরের দিন আমার গ্রামের বাড়ীতে আসে। গত ২১শা আশ্বিন (ইং-08/10/2017) তারিখে সন্ধ্যায় আমার জামাইকে আমি আপাতত ২০,০০০ (কুড়ি হাজার) টাকা দিচ্ছি বলিয়া জানাই, পরে বাকি টাকার ব্যবস্থা করিব। কিন্তু জামাই পঞ্চাশ হাজার টাকা দাবী করিয়া ঐ টাকা লইতে অস্বীকার করে। ঐ দিন রাত্রিতে খাওয়া দাওয়ার পর সকলে শুইয়া পড়িলেও অনেক রাত্রি পর্যন্ত আমার মেয়ে জামাই যে ঘরে শুয়ে ছিল, সেই ঘর হইতে তাহাদের উত্তেজিত ও অস্পষ্ট কথা বার্তা আমার ও আমাদের কানে আসে। আমি এই ব্যাপারে সকালে জামাই এর সহিত কথা বলিব মনে করিয়া ঘুমাইয়া পড়ি। ভোর বেলায় প্রতিবেশীদের নিকট হইতে খবর পাই, আমার মেয়ে, আমার বাড়ীর কাছে একটি গাছে উড়না দিয়ে ঝুলিয়া আত্মহত্যা করিয়াছে। প্রতিবেশীরা আমার মেয়েকে গাছ হইতে নামাইয়া সরবেড়িয়া হাসপাতালে লইয়া যায়। সেখানে ডাক্তার বাবু মেয়েকে মৃত বলিয়া ঘোষনা করে। এই ঘটনার পর আমার জামাইকে আর খুজে পাওয়া যায় নাই। সে তাহার বাড়ি পালাইয়া যায়। Post-mortem হওয়ার পর মেয়ের শশুর বাড়ীর লোকজনে আসিয়া তাহার মৃতদেহ লইয়া যায়।

মহাশয় আমার মেয়ের স্বামী; শশুর; শাশুড়ি ও ননদের অত্যাচার সহ্য করিতে না পারিয়া ২১শা আশ্বিন (ইং-08/10/2017) তারিখে রাত্রিতে কোন সময় আমার মেয়ে আত্মহত্যা করিয়াছে যাহা U/D Case no-40/17 মহাশয় আমার মেয়ের আত্মহত্যার জন্যে দায়ী ব্যক্তিদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা করিয়া বাধিত করিবেন।

আমার মেয়ের মৃত্যুর কারনে মানসিক অবস্থা ভালো না থাকায় লিখিত অভিযোগ দিতে দেরী হইল

লেখক
শ্রী তপন রায়
পিতা- ৺কমলা কান্ত রায়
সাং- গোরাবাদ
পোঃ- মনিহারা
থানা- ছাতনা
জেলা- বাঁকুড়া

বিনীত-

Bidhumch Roy
16/10/2017